দৈনিক আমাদের অর্থনীতি
তারিখ 25 JUN 2016
পৃষ্ঠা ৩ ... ২ ... কলাম ... ৬

# এমপিওভুক্ত শিক্ষকদের ঈদ বোনাস দ্রুত প্রদানের দাবি

নিজস্ব প্রতিবেদক ■

এমপিওভুক্ত ৫ লাখ শিক্ষক-কর্মচারীর ঈদ বোনাস ছাড়করণে গড়িমসিতে ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেছেন শিক্ষক নেতৃবৃন্দ। ঈদ বোনাস দ্রুত ছাড়করণের দাবি জানিয়ে তারা এ ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করেছেন। গতকাল শুক্রবার বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্য জোটের প্রধান সমন্বয়কারী মো. নজরুল ইসলাম রনি এবং বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মো. রিয়াজ উদ্দিন যৌথ বিবৃতিতে এ দাবি জানান।

গত বৃহস্পতিবার পর্যন্ত বেসরকারি শিক্ষকের বোনাস প্রদানের অনুমতি দেয়নি অর্থ মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদপ্তরের এরপর পৃষ্ঠা ৯, কলাম ৬

## এমপিওভুক্ত শিক্ষকদের

(শেষ পৃষ্ঠার পর) কর্মকর্তারা জানিয়েছেন, যে কোনোভাবে তারা ঈদের আগেই শিক্ষকদের বোনাস দেওয়ার চেষ্টা করছেন।

বিবৃতিতে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, বেসরকারি এমপিওভুক্ত ৫ লাখ শিক্ষক-কর্মচারী সরকারি নিয়মেই বকেয়াসহ ৮ম জাতীয় পে-স্কেলে বেতন ও ভাতা পেয়েছেন। তাই ঈদ বোনাসও তারা নতুন জাতীয় স্কেলে প্যাবেন। কিন্তু অতিউৎসাহী শিক্ষা ভবনের কতিপয় সরকারবিরোধী অশুভচক্র বর্তমান সরকারের অর্জনকে প্রশ্নবিদ্ধ করতে তাদের ঈদ বোনাস প্রদানে বিলম্ব করছে। সামান্য বেতনভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীরা আসন্ন ঈদুল ফিতরের আগে নতুন স্কেলে ঈদ বোনাস না পেলে তাদের পরিবার-পরিজন নিয়ে ঈদের আনন্দ থেকে বঞ্চিত হবেন। এতে শিক্ষক সমাজে ক্ষোভ ও অসন্তোষ দেখা দেবে। তাই অবিলম্বে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জাতীয় পে-স্কেল অনুযায়ী ঈদ বোনাস ছাড়করণে প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনা করেন শিক্ষক নেতৃবৃন্দ। শিক্ষকদের অভিযোগ, শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা ভবনের কর্মকর্তাদের মধ্যে দীর্ঘদিন থেকে কাজের সমন্বয় না থাকায় বেসরকারি শিক্ষক-কর্মচারীদের যথারীতি বেতনভাতা এবং ঈদ বোনাস প্রাপ্তিতে চরম হয়রানি ও অবহেলা চলে আসছে।

বিবৃতিতে আরও স্বাক্ষর করেন বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র সহ-সভাপতি মীর আব্দুল মালেক, সহ-সভাপতি মো. আমিনুল ইসলাম, সিনিয়র যুগ্ম মহাসচিব মো. রফিকুল ইসলাম, প্রেসিডিয়াম সদস্য মো. আব্দুল হালিম, মো. দেলোয়ার হোসেন, কলেজ শিক্ষক সমিতির সভাপতি মঞ্জুরুল আমিন শেখর ও মহাসচিব মো. বদরুজ্জামান বাদল, বাংলাদেশ শিক্ষক সমিতির ঢাকা মহানগর (দক্ষিণ) সভাপতি মো. মিজানুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতির ঢাকা মহানগর (উত্তর) সভাপতি মো. গোলাম মোস্তফা, দপ্তর সম্পাদক মো. ফরিদ মিয়া, সমিতির সহ-সভাপতি মো. শাখাওয়াত হোসেন ও প্রেসিডিয়াম সদস্য মো. মহসিন উদ্দিন, মো. ছবরুল হক, মো. আনোয়ার হোসেন প্রমুখ। শিক্ষকরা জানান, ৫ লাখ শিক্ষক-কর্মচারী ও তাদের পরিবার-পরিজন অধিক আগ্রহে ঈদুল ফিতরের ঈদ বোনাসের প্রত্যাশায় দিন গুনছে। অথচ শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরের কতিপয় কর্মকর্তার হেয়ালী-পনায় ঈদের আগে বোনাস থেকে বঞ্চিত হতে যাচ্ছেন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা।